



# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট সিটিজেন চার্টার

## ইনস্টিটিউটের কর্মদায়িত্ব

- মৎস্য উন্নয়ন বিষয়ক সকল প্রকার গবেষণা পরিচালনা ও জাতীয় পর্যায়ে মৎস্য বিষয়ক সকল প্রতিষ্ঠানের গবেষণার সমন্বয় সাধন
- মৎস্য উৎপাদন, ব্যবস্থাপনা, প্রক্রিয়াকরণ ও বিপন্ন ব্যবস্থার অধিকতর কার্যক্ষম ও স্বল্পব্যয়ী পদ্ধতি উদ্ভাবন
- অধ্যাদেশ ও আইনের লক্ষ্য অর্জনে অন্যান্য কার্যাদি সম্পাদন
- মৎস্য ক্ষেত্রে উন্নয়ন নীতিমালা প্রণয়নে সরকারকে সহায়তা প্রদান।

## গবেষণা পরিচালনা ও প্রযুক্তি উদ্ভাবন পদ্ধতি

- মাঠ পর্যায়ের চাহিদার নিরীখে ১ হতে ৫ বছর মেয়াদে বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রে কারিগরি কমিটি কর্তৃক অনুমোদিত গবেষণা কর্মসূচী বাস্তবায়ন করা হয়।
- গবেষণা পরিচালনায় প্রয়োজ্যক্ষেত্রে কমপক্ষে ৩০ ভাগ গবেষণা মাঠ পর্যায়ে বাস্তবায়ন করা হয়ে থাকে।
- মাঠ পর্যায়ের গবেষণায় সংযোগ চাষী নির্বাচনে মৎস্য অধিদপ্তর, এনজিওসহ উদ্যোগী চাষীদের সম্পৃক্ত করা হয়।
- অন-স্টেশন ও অন-ফার্মে পরিচালিত গবেষণা কারিগরি, পরিবেশগত ও অর্থনৈতিকভাবে কার্যকর প্রমাণিত হলে তা হস্তান্তরযোগ্য প্রযুক্তি হিসেবে চিহ্নিত করা হয়।
- গবেষণা ফলাফলসহ প্রযুক্তি মাঠ পর্যায়ের মূল্যায়ন ও বিভিন্ন কর্মশালায় উপস্থাপন করা হয়।

## প্রযুক্তি পরীক্ষণ ও প্রচার পদ্ধতি

- মাঠ পর্যায়ে চাষীর পুকুর/খামার/হ্যাচারী/সরকারী ও বেসরকারী উন্মুক্ত জলাশয়ে পরীক্ষামূলক প্রদর্শনী কার্যক্রম পরিচালনা
- প্রযুক্তি উপযোগীকরণ, প্রমিতকরণ, উদ্ভাবিত প্রযুক্তি বিষয়ে সংযোগ চাষী, সরকারী/বেসরকারী সম্প্রসারণ কর্মী, যুবক ও যুব মহিলা, উদ্যোক্তা, শিক্ষক, সাংবাদিকদের প্রশিক্ষণ প্রদান।
- প্রযুক্তিভিত্তিক সম্প্রসারণ পুস্তিকা, লিফলেট, বুকলেট, প্রশিক্ষণ ম্যানুয়েল প্রকাশ ও বিতরণ।
- কর্মশালা, আলোচনা সভা, প্রযুক্তি মেলা, মাঠ পরিদর্শন, চাষী সমাবেশ ইত্যাদি আয়োজন।

## কারিগরী সেবা কার্যক্রম

সেবার ধরণ	সময়কাল
● উন্নত জাতের মাছ/চিংড়ির পোনা উৎপাদন এবং বিতরণ।	● মাছের প্রজনন ঋতু অনুসারে চাহিদা প্রদান ভিত্তিতে ৩-৫ দিন।
● মৎস্য/চিংড়ি রোগ নির্ণয় ও প্রতিকার বিষয়ে ক্ষতিগ্রস্ত চাষীদের নমুনা পরীক্ষা ও পরামর্শ সেবা প্রদান।	● গবেষণাগারে মাছ/পানির নমুনা প্রাপ্তির ক্ষেত্রে ১-৩ দিন। ● মাঠ পর্যায়ে পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শন পরবর্তী ১-৩ দিন।
● মৎস্যখাদ্য ও খাদ্য উপকরণের পুষ্টিমান বিশ্লেষণ। ● মাছ চাষে মৎস্যখাদ্য ও অন্যান্য খাদ্য উপকরণের প্রভাব নির্ণয়।	● গবেষণাগারে নমুনা প্রাপ্তি সাপেক্ষে ৩-৫ দিন। ● নমুনা প্রাপ্তি সাপেক্ষে ৩-৫ মাস।
● মাছের ওপর কৃষিকাজে ব্যবহৃত বিভিন্ন কীটনাশক/বালাইনাশকের বিষক্রিয়া নিরূপন।	● কীটনাশক/বালাইনাশকের নমুনা প্রাপ্তি সাপেক্ষে গবেষণাগারে বিষক্রিয়া নিরূপনের ক্ষেত্রে ৩-৫ দিন ও পুকুরে বিষক্রিয়া নিরূপনের ক্ষেত্রে ১-৩ মাস।
● মৎস্য/চিংড়ি হ্যাচারী, খামার ডিজাইন ও ব্যবস্থাপনায় কারিগরি সহায়তা প্রদান।	● সুনির্দিষ্ট প্রস্তাবের আলোকে মাঠ পর্যায়ে পরিদর্শনের ক্ষেত্রে ১৫-২১ দিন।
● উদ্ভূত সমস্যা নিরসনে সরকারী/বেসরকারী জলাশয়, মৎস্য/চিংড়ি খামার পরিদর্শন ও চাষী পরামর্শ সেবা প্রদান।	● কেন্দ্রে নমুনা প্রাপ্তির ক্ষেত্রে ১-৩ দিন। ● মাঠ পর্যায়ে পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শন পরবর্তী ২-৪ দিন।

## গবেষণালব্ধ উদ্ভাবিত প্রযুক্তি

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট জাতীয় চাহিদার আলোকে গবেষণার মাধ্যমে এ যাবৎ উন্নত মৎস্যচাষ ও মৎস্যসম্পদ ব্যবস্থাপনা বিষয়ক নিম্নলিখিত প্রযুক্তি উদ্ভাবনে সক্ষম হয়েছে। ইনস্টিটিউট উদ্ভাবিত প্রযুক্তিসমূহের তালিকা নিম্নরূপ :

## ব্যাপক সম্প্রসারিত প্রযুক্তি

১. রুই জাতীয় মাছের উন্নত নার্সারী ব্যবস্থাপনা
২. পুকুরে রুই জাতীয় মাছের মিশ্রচাষ
৩. বিএফআরআই সুপার তেলাপিয়ার পোনা উৎপাদন ও চাষ
৪. মৌসুমী পুকুরে রাজপুঁটির চাষ

৫. ধান ক্ষেতে মাছের সমন্বিত চাষ
৬. থাই পাঙ্গাসের প্রজনন ও পোনা উৎপাদন
৭. পুকুরে পাঙ্গাস মাছের চাষ

### সীমিত সম্প্রসারিত প্রযুক্তি

১. কৃত্রিম প্রজননের জন্য পিটুইটারী গ্লান্ড সংগ্রহ ও সংরক্ষণ
২. দেশীয় উপকরণ সহযোগে স্বল্প মূল্যের মৎস্য খাদ্য উৎপাদন
৩. পেনে মাছ চাষ
৪. গলদা চিংড়ির গৃহাঙ্গন হ্যাচারী মডেল উন্নয়ন ও পোনা উৎপাদন
৫. রুই জাতীয় মাছের সাথে গলদা চিংড়ির চাষ
৬. পাবদা মাছের প্রজনন ও পোনা উৎপাদন
৭. দেশী মাগুর মাছের পোনা উৎপাদন ও চাষ
৮. উন্নত পদ্ধতিতে ঘেরে বাগদা চিংড়ির চাষ
৯. কাঁকড়া ফ্যাটেনিং কলাকৌশল
১০. সুপার তেলাপিয়ার মনোসেক্স পোনা উৎপাদন ও চাষ
১১. ওভার উইন্টার্ড পোনা ব্যবহারে বড় আকারের রুই জাতীয় মাছ উৎপাদন
১২. রুই জাতীয় মাছের উন্নত জাত উদ্ভাবন
১৩. কৈ মাছের প্রজনন ও পোনা উৎপাদন
১৪. অন্তঃপ্রজনন সমস্যা নিরসনে ব্রুড ব্যাংক ব্যবস্থাপনা
১৫. স্বল্প মূল্যে বিএফআরআই মডেল মৎস্য খাদ্যের পিলেট মেশিন তৈরী ও খাদ্য উৎপাদন
১৬. ফসল চক্র ভিত্তিক পরিবেশ বান্ধব চিংড়ি ও মাছ চাষ
১৭. পাহাড়ী ঘোনায় পেনে মাছ চাষ
১৮. রূপান্তরিত আবদ্ধ জলাশয়ে আধা নিবড় বাগদা চাষ

### অল্পমাত্রায়/অসম্প্রসারিত প্রযুক্তি

১. পুকুরে মুরগী ও মাছের সমন্বিত চাষ
২. পুকুরে হাঁস ও মাছের সমন্বিত চাষ
৩. শংকর জাতের মাগুরের পোনা উৎপাদন ও চাষ
৪. গুলসা মাছের প্রজনন ও পোনা উৎপাদন
৫. ভেটকির সাথে তেলাপিয়ার চাষ
৬. শিং মাছের পোনা উৎপাদন ও চাষ
৭. স্বাদুপানির ঝিনুকে মুক্তা চাষ
৮. বিপন্ন প্রজাতির মাছের (মহাশোল, স্বরপুঁটি, গুজি, গণিয়া, বাটা) প্রজনন ও পোনা উৎপাদন
৯. বাগদা চিংড়ির সাথে তেলাপিয়া রাজপুঁটির চাষ
১০. নোনা টেংরার প্রজনন ও পোনা উৎপাদন
১১. ফসল চক্র ভিত্তিক বাগদা ও চিংড়ির গলদা চাষ

### মৎস্য সম্পদ ব্যবস্থাপনা পদ্ধতি/নীতি

১. ইলিশ সংরক্ষণ ও উন্নয়ন ব্যবস্থাপনা

২. জলজ পরিবেশ ও মাছের উপর কীটনাশকের বিষক্রিয়া
৩. চিংড়ির রোগ সনাক্তকরণ, প্রতিকার ও স্বাস্থ্য ব্যবস্থাপনা
৪. মাছের রোগ নির্ণয়, প্রতিকার ও স্বাস্থ্য ব্যবস্থাপনা
৫. প্রাকৃতিক উৎস হতে বাগদা চিংড়ির পোনা সংগ্রহ ও জীব বৈচিত্রের ক্ষতিকর প্রভাব
৬. প্লাবনভূমির মৎস্য সম্পদ উন্নয়ন ব্যবস্থাপনা

### ইনস্টিটিউটের দায়বদ্ধতা ও অংগিকার

- নিরবচ্ছিন্ন গবেষণার মাধ্যমে গুরুত্বপূর্ণ নানা প্রজাতির মাছ, চিংড়ি ও অন্যান্য জলজ জীবের প্রজনন, চাষ, ব্যবস্থাপনা পদ্ধতি, জীববৈচিত্র্য সংরক্ষণ, জলজ পরিবেশ উন্নয়ন, প্রক্রিয়াজাতকরণ, বিপন্ন ব্যবস্থার উন্নয়নে টেকসই ও পরিবেশ উপযোগী মৎস্যচাষ ও ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন।
- পুকুরে মাছচাষ, হাওর, বাঁওড়, খাল-বিল ও সামুদ্রিক মৎস্যসম্পদের উন্নয়নে জাতীয় পর্যায়ে প্রয়োজনীয় গবেষণা পরিচালনা করা এবং গবেষণার ক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সমন্বয় সাধন করা।
- মৎস্যসম্পদের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে মৎস্যসম্পদ উন্নয়ন, ব্যবস্থাপনা ও সংরক্ষণ বিষয়ে নীতি প্রণয়ন সম্পর্কিত গবেষণা করা।
- মৎস্য প্রক্রিয়াজাতকরণ, গুণগত মান নির্ণয়, মৎস্য জাত পণ্য উৎপাদন ও মৎস্য বিপন্ন ব্যবস্থার উন্নয়নে প্রয়োজনীয় গবেষণা পরিচালনা করা।
- মাঠ পর্যায়ে উদ্ভূত সমস্যা নিরসনে সম্প্রসারণ প্রতিষ্ঠানের সহায়তায় প্রযোজ্য ক্ষেত্রে ৩০% গবেষণা চাষীর পুকুরে পরিচালনা করা।
- উদ্ভাবিত প্রযুক্তির ওপর মৎস্য অধিদপ্তরসহ অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের সম্প্রসারণ কর্মী/বেসরকারী সংস্থার সম্প্রসারণ কর্মী/সংযোগ চাষী/উদ্যোক্তা পর্যায়ে প্রযুক্তিভিত্তিক কারিগরী প্রশিক্ষণ প্রদান করা।
- টেকনিশিয়ান ও গবেষক পর্যায়ে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরী করা।
- প্রযুক্তিভিত্তিক ম্যানুয়েল, বুকলেট, লিফলেট ইত্যাদি প্রকাশ ও বিতরণ করা।

### যোগাযোগ

ময়মনসিংহে স্বাদুপানি কেন্দ্র, ফোন- ০৯১-৫৪২২১	রাঙ্গামাটি কাণ্ডাই লেক উপকেন্দ্র, ফোন- ০৩৬১-৬২১৫৯
চাঁদপুরে নদী কেন্দ্র, ফোন- ০৮৪১-৬৩৪০৭	সান্তাহার প্লাবনভূমি উপকেন্দ্র, ফোন- ০৭৪১-৫৫৩১২
খুলনার পাইকগাছায় লোনাপানি কেন্দ্র, ফোন- ০৪০২৭-৩৩০	খেপুপাড়া নদী উপকেন্দ্র, ফোন- ০৭৪১-৫৫৩১২
কক্সবাজারে সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, ফোন- ০৩৪১-৬৩৮৫৫	যশোর স্বাদুপানি উপকেন্দ্র, ০৪২১-৭২৫২৮
বাগেরহাটে নির্মানাধীন চিংড়ি গবেষণা কেন্দ্র	সৈয়দপুর, স্বাদুপানি উপকেন্দ্র,